জঙ্গল সলিমপুরে পুলিশ একাডেমি স্থাপনের সিদ্ধান্ত: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

চট্টগ্রামের জঙ্গল সলিমপুরে সারদার আদলে একটি পুলিশ একাডেমি স্থাপনের সিদ্ধান্ত হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। একই এলাকায় চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার স্থানান্তরের জন্য ৭২ একর জমি অধিগ্রহণ করা হয়েছে।

বৃহস্পতিবার (৮ অক্টোবর) সচিবালয়ে সলিমপুরের অবকাঠামো উন্নয়ন নিয়ে বৈঠক শেষে সাংবাদিকদের এ তথ্য জানান তিনি।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বাইতুল লিংক রোডের পাশে নতুন কারাগারটি স্থাপনের পরিকল্পনা রয়েছে। সলিমপুরে বসবাসকারীদের পুনর্বাসনের বিষয়টিও সরকার বিবেচনা করছে, বিশেষ করে অবৈধভাবে গড়ে ওঠা বসতির বাসিন্দাদের কীভাবে পুনর্বাসন করা যায় তা নিয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

তিনি বলেন, এলাকাটিকে সুশাসনের আওতায় এনে সন্ত্রাসমুক্ত করার উদ্যোগ নেওয়া হয়েছে। এ জন্য পুলিশ, বিজিবি, র‍্যাব ও আর্মড পুলিশ ব্যাটালিয়নের সদস্যদের প্রয়োজনীয় স্থাপনা তৈরির জন্য জায়গা নেওয়া হয়েছে।

রোহিঙ্গা প্রত্যাবাসনের বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আন্তর্জাতিক সহযোগিতা পাওয়া গেলে প্রত্যাবাসন সম্ভব। ক্যাম্পের মাদক, সন্ত্রাস ও সশস্ত্র গোষ্ঠীর তৎপরতা নিয়ন্ত্রণে দুটি সেনা ক্যাম্প স্থাপনের সিদ্ধান্ত হয়েছে। পাশাপাশি নষ্ট হয়ে যাওয়া কাঁটাতারের বেড়া সংস্কার ও সিসি ক্যামেরা বসানোর উদ্যোগ নেওয়া হবে।